

🗏 আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯:১৫

আরবি মূল আয়াত:

هَل اَتْنكَ حَدِيثُ مُوسلى ﴿١٥﴾

মূসার বৃত্তান্ত তোমার কাছে পৌঁছেছে কি? — আল-বায়ান

মৃসার বৃত্তান্ত তোমার কাছে পৌঁছেছে কি? — তাইসিরুল

তোমার নিকট মূসার বৃত্তান্ত পৌঁছেছে কি? — মুজিবুর রহমান

Has there reached you the story of Moses? - — Sahih International

১৫. আপনার কাছে মূসার বৃত্তান্ত পৌঁছেছে কি?(১)

(১) কাফেরদের অবিশ্বাস, হটকারিতা ও শক্রতার ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে মর্মপীড়া অনুভব করতেন, তা দূর করার উদ্দেশ্যে মূসা আলাইহিস সালাম ও ফিরআউনের ঘটনা উল্লেখ করা হয়েছে। এতে ইঙ্গিত করা হয়েছে যে, শক্ররা কেবল আপনাকেই কষ্ট দেয়নি, পূর্ববর্তী সকল রাসূলকেও কষ্ট দিয়েছে, কিন্তু তাদের পরিণতি হয়েছে ভয়াবহ। সুতরাং আপনিও সবর করুন। [দেখুন, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

১৫। (হে মুহাম্মাদ!) তোমার নিকট মূসার বৃত্তান্ত পৌঁছেছে কি?

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5727

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন